**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে সুষ্ঠু সুন্দর এবং আধুনিক ট্রাফিক ব্যবস্থা গড়ে তুলতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।**
**(২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগামী দুই বছরের মধ্যে রাজ্যের ৫০ হাজার ভোক্তাকে পি.এম সূর্য ঘর মুফত বিজলি যোজনায় যুক্ত করে ১৫০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে ।**
**(৩) উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের লুপ্ত প্রায় কৃষ্টি সংস্কৃতিকে পুনরুদ্ধারের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করে যাচ্ছে ।**
**(৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জি.এস.টি সংস্কারের মাধ্যমে মধ্যবিত্ত পরিবারগুলিকে উল্লেখযোগ্য স্বস্তি এবং একটি মূল্যবান উপহার দিয়েছেন ।**

**************************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে সুষ্ঠু সুন্দর এবং আধুনিক ট্রাফিক ব্যবস্থা গড়ে তুলতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। আজ সচিবালয়ে আগরতলা শহরের ট্রাফিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় নিয়ে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে স্মার্ট সিটি প্রকল্পের বিভিন্ন কাজ, প্রস্তাবিত উড়াল পুলের বিষয়েও মুখ্যমন্ত্রী খোঁজখবর নেন।

সভায় মুখ্যমন্ত্রী বলেন, আসন্ন শারদোৎসবের আগেই আগরতলা শহরে সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থা গড়ে তুলতে আধিকারিকদের আরও দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। ব্যস্ত সময়ে রাস্তার পাশে গাড়ি থেকে পণ্য উঠানো নামানো বন্ধ করা, দীর্ঘ সময় ধরে গুরুত্বপূর্ণ রাস্তায় গাড়ি পার্কিং না করা ইত্যাদি

বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে মুখ্যমন্ত্রী পরামর্শ দেন। তিনি বলেন, ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে জনসাধারণের সঙ্গে ভালো ব্যবহার করতে হবে। এভাবে অনেক সমস্যার সমাধান করা যায়। শহরে যানজট কমাতে বিভিন্ন স্থানে হাইড্রোলিক পার্কিং ব্যবস্থা গড়ে তোলা যায় কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের পরিকল্পনা গ্রহণ করতে বলেন।

বৈঠকে মুখ্যমন্ত্রী আগরতলা শহরের বিভিন্ন রাস্তার পাশে পাকা ড্রেন নির্মাণের অগ্রগতির বিষয়ে খোঁজখবর নেন। এই কাজের জন্য দুর্গাপূজার সময়ে জনসাধারণের যেন কোনও অসুবিধা না হয় তার ব্যবস্থা করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

বৈঠকে ট্রাফিক বিভাগের এসপি, কান্তা জাঙ্গির আগরতলা শহরের ট্রাফিক ব্যবস্থাপনার বর্তমান পরিস্থিতির বিষয়ে মুখ্যমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন।

****************************

**PM Surya Ghar Mufta Bijli Yojana :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগামী দুই বছরের মধ্যে রাজ্যের ৫০ হাজার ভোক্তাকে পি.এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার অধীনে যুক্ত করে ১৫০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরজন্য গোটা রাজ্যে এই যোজনায় রেজিষ্ট্রেশন প্রক্রিয়া চলছে। আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে ত্রিপুরা বিদ্যুৎ নিগম আয়োজিত পি এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার অধীনে মেগা নথীভুক্তিকরণ শিবিরে অংশ নিয়ে তিনি একথা বলেন।

######Byte-Ratan lal Nath######

বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, রাজ্যে এখন পর্যন্ত ১৬ হাজার ভোক্তা এই যোজনায় নথীভুক্তিকরণ করেছেন। প্রায় এক হাজার ভোক্তা পি.এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার সুবিধা গ্রহণ করে দৈনিক মোট প্রায় তিন মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছেন। উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর

পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, ত্রিপুরা বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু প্রমুখ।

****************************

**ST Welfare Minister :**

উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের লুপ্ত প্রায় কৃষ্টি সংস্কৃতিকে পুনরুদ্ধারের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করে যাচ্ছে। সরকারের মূল উদ্দেশ্য রাজ্যের মিশ্র সংস্কৃতিকেও আরো মজবুত এবং বিকশিত করা। যাতে জাতি জনজাতি উভয়ের মেলবন্ধনে ত্রিপুরা একটি শক্তিশালী রাজ্য হয়ে ওঠে। ত্রিপুরা স্টেট একাডেমি অফ ট্রাইবেল রিসার্চ এর উদ্যোগে জনজাতি গৌরব উৎসবের অঙ্গ হিসেবে আজ জনজাতিদের মধ্যে পোশাক পরিচ্ছদ ও বাদ্যযন্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, জাতি জনজাতি একে অপরের খাদ্যাভাস, কৃষ্টি ওসংস্কৃতি ও বিনিময়ের মধ্যে রাজ্যে মিশ্র সংস্কৃতির ভিত আরও শক্তিশালী হবে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী প্রত্যেকেই জনজাতিদের বিকাশে সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের সচিব কে শশী কুমার, টি আর এস এর অধিকর্তা আনন্দ হরি জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে ৮৫টি সংস্থার প্রতিনিধিদের হাতে বাদ্যযন্ত্র, পোষাক ও অলংকার প্রদান করা হয়।

**************************

**Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, প্রাণীপালকদের সার্বিক বিকাশে রাজ্য সরকার আন্তরিক। রাজ্যে দুধ, মাংস এর উৎপাদন বাড়াতে সরকার কাজ করে চলেছে। আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে গতবছর বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাণীপালকদের আর্থিক মঞ্জুরীপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। উল্লেখ্য যে, কুমারঘাট ব্লক এলাকার ৩৫৪ জন ক্ষতিগ্রস্ত প্রাণীপালক সরকারি সাহায্য পাচ্ছেন। আজকের

কর্মসূচিতে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা: বিমল কৃষ্ণ দাস প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**GST :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জি.এস.টি সংস্কারের মাধ্যমে মধ্যবিত্ত পরিবারগুলিকে উল্লেখযোগ্য স্বস্তি এবং একটি মূল্যবান উপহার দিয়েছেন। শ্রী বৈষ্ণো আজ নতুনদিল্লিতে সংবাদমাধমকে জানান, জিএসটি সংস্কারের ফলে দেশের জিডিপিতে প্রায় ২০ লক্ষ কোটি টাকা যোগ হবে বলে আশা করা হচ্ছে, যা দেশের অর্থনীতিকে উল্লেখযোগ্যভাবে চাঙ্গা করবে।

######Byte- Ashwini Vaishnaw-1######

তিনি আরও বলেন, ২০১৪-র আগে দেশের মানুষ জটিল করের ফাঁদে জড়িয়ে পড়েছিলেন। মধ্যবিত্ত অংশের পরিবারগুলি করের বোঝায় ঝুঁকে

পড়েছিল। বর্তমান জিএসটি সংস্কার কর ব্যবস্থাকে সরল এবং স্থিতিশীল করবে এবং এর ফলে দেশের ১৪০ কোটি নাগরিক উপকৃত হবেন।

######Byte- Ashwini Vaishnaw-2######

**********************************

**CBIC-Chairman :**

Central Board of Indirect Taxes and Customs-এর চেয়ারম্যান সঞ্জয়কুমার আগরওয়াল বলেছেন, দ্বিতীয় প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কার দেশে পূর্বেকার চারস্তরের কর ব্যবস্থাকে দুই স্তরের কর ব্যবস্থায় নিয়ে এসেছে। এই কর ব্যবস্থায় বর্তমান সংস্কার অনুসারে সাধারণ মানুষের জন্য সর্বনিম্ন আবশ্যিক করকে ৫ শতাংশ হারে সীমিত করা হয়েছে।

#####BYTE-Sanjoy Kumar Agarwal #######

তিনি আরও জানান, ভারতে অনেক বাণিজ্যিক সংস্থাই বিনিয়োগে আগ্রহী। তাঁরা চান এদেশের কর ব্যবস্থা সরল হোক। এর আওতায় বিভিন্ন ধাপে কর সংক্রান্ত আলাদা ব্যাখ্যার বদলে কর ব্যবস্থার সরলীকরণ নিশ্চিত করার বিষয়টি তারা প্রত্যাশা করেন। তাই বর্তমান কর সংস্কার সর্বার্থে খুবই যুক্তিপূর্ণ বলে শ্রী আগরওয়াল অভিমত ব্যক্ত করেন।

****************************

**Mayor-Bank :**

পুর নিগমের খোয়া যাওয়া ১৬ কোটি টাকা নিরাপদ রয়েছে বলে জানিয়েছে ইউকো ব্যাংক কর্তৃপক্ষ। মেয়র দীপক মজুমদার আজ আকাশবাণী আগরতলার প্রতিনিধিকে এক সাক্ষাৎকার এই সংবাদ জানিয়েছেন। তিনি জানিয়েছেন বিষয়টি নিয়ে তদন্ত চলছে। তবে ব্যাংক কর্তৃপক্ষ এই অর্থ ফিরিয়ে দিতে রাজি হয়েছেন বলে তিনি জানিয়েছেন। উল্লেখ করা যেতে পারে সম্প্রতি পুর নিগমের একাউন্ট থেকে ১৬ কোটি টাকা সরিয়ে নিয়ে যাবার অভিযোগ উঠেছিল। এরই পরিপ্রেক্ষিতে আজ একথা জানিয়েছেন মেয়র শ্রী মজুমদার।

***************************

**Transfer & Promotion :**

রাজ্য পুলিশের আই.পি.এস এবং টি.পি.এস স্তরের ৪৩ জন আধিকারিককে রদবদল করা হয়েছে। ডি.আই.জি ক্রাইম কৃষ্ণেন্দু চক্রবর্তীকে আই.জি সিকিউরিটির দায়িত্ব দেওয়া হয়েছে। এই সঙ্গে তিনি স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। আই.পি.এস দিলীপ রায়কে ডেপুটেশনে মনিপুর বদলি করা হয়েছে। এন্টি নারকোটিক্সের পুলিশ সুপার পিয়া মাধুরি মজুমদারকে অর্থনৈতিক অপরাধ দমন শাখার দায়িত্ব দেওয়া হয়েছে। কৈলাসহরের এস.ডি.পি.ও জয়ন্ত কর্মকারকে ধর্মনগরে বদলি করা হয়েছে। কৈলাসহরের এস.ডি.পি.ও পদে আসছেন রাঘুল এ। জিরানিয়ায় এস.ডি.পি.ও পদে সুধীর কুমার, বিশালগড়ে বিকাশ সেন্থীয়া, অমরপুরে নির্মান দাস ও উদয়পুরে এস.ডি.পি.ও পদে দেবাঞ্জলি রায় দায়িত্ব পেয়েছেন।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১০.২ মিলিমিটার।

*************************